২৮/১০/২০০৩

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

কর্তৃপক্ষ অস্থিতিশীল পরিস্থিতিকে দায়ী করেছে

# রা.বিতে ভর্তিচ্ছুরা অনিশ্চয়তায়

আবু নোমান সজীব, রাবি থেকে : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এ বছর এখন পর্যন্ত ভর্তি পরীক্ষার ফরম বিতরণের সময় নির্ধারণ করা হয়নি। ফলে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুকরা ভুগছে অনিশ্চয়তায়। প্রশাসন বারবার এ কার্যক্রম শুরুর উদ্যোগ নিলেও ক্যাম্পাসের বর্তমান অস্থিতিশীল পরিবেশের জন্য তা সম্ভবপর হচ্ছে না।

জানা যায়, গত বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণার কিছুদিনের মধ্যেই দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো রাজশাহী বিশ্ববিশ্ববিদ্যালয়ের মতো রাজশাহী বিশ্ববিদ্যালয়েও ভর্তি কার্যক্রম শুরু হয়। সে সময় সেপ্টেম্বর মাসে ভর্তি ফরম বিতরণ শুরু করে নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়। এরপর অতিদ্রুত এ কার্যক্রম শেষ করে এ বছরের জানুয়ারি মাসের ৯ তারিখ থেকে প্রথম বর্ষের ক্লাস শুরু হয়। ফলে শিক্ষার্থীরা তাদের শিক্ষা জীবনের মূল্যবান সময় অপচয়ের হাত থেকে রক্ষা পায়।

কিন্তু এ বছর এখন পর্যন্ত ভর্তি কার্যক্রম শুরু হয়নি। এমনকি ভর্তি পরীক্ষার ফরম বিতরণের সময় পর্যন্ত নির্ধারণ করা সম্ভব হয়নি। যদিও দেশের অন্যান্য অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে এ কার্যক্রম শুরু হয়ে গেছে। এ বিশ্ববিদ্যালয়ে পর্যন্ত ভর্তি কার্যক্রম শুরু না হওয়ায় ভর্তি ইচ্ছুকদের মধ্যে বিরাজ করেছে অনিশ্চয়তা। ইতিমধ্যে দূরদূরান্ত থেকে শিক্ষার্থীরা এসে খোঁজ নিচ্ছে কবে থেকে শুরু হবে ভর্তি পরীক্ষা এ রকমই একজন কুষ্টিয়ার কুমারখালী থেকে আসা 'বিড়ল' জানালেন তিনি এরই মধ্যে দুবার রাজশাহীতে এসেছেন এ সম্পর্কে খোঁজ নিতে। কিন্তু কোনো সঠিক তথ্য পেতে ব্যর্থ হয়েছেন।

এ দিকে এ বিষয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আব্দুস সালামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, 'এর মধ্যে কয়েকবার ভর্তি কার্যক্রম শুরুর উদ্যোগ নেওয়া হলেও সার্বিক পরিস্থিতির কারণে তা সম্ভব হয়নি'। তিনি জানান, গত ২৩ সেপ্টেম্বর ছাত্রশিবিরের ধর্মঘটের কারণে ভর্তি কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হতে পারেনি। এ মাসের ১৮ তারিখের বৈঠক ও ছাত্রদল ও ছাত্রশিবিরের যৌথ অবরোধের কারণে অনুষ্ঠিত হতে পারেনি।

একই বিষয়ে ভর্তি কমিটির চেয়ারম্যান রাবি উপাচার্য প্রফেসর সাইদুর রহমান জানান, শত প্রতিকূলতার মধ্যেও গত বছর যথাসময়ে ভর্তি পরীক্ষা এবং ক্লাস শুরু হয়েছিলেন। কিন্তু এ বছর কয়েকবার এ উদ্যোগ গ্রহণ করার পরও ক্যাম্পাসের রাজনৈতিক পরিস্থিতির কারণে তা সম্ভব হয়নি। তবে আগামী ২৯ তারিখের বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে তিনি জানান।